

পাঠ ২৭

নিজের মতো লিখি



১৯

চূক্ষ



শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

- ৪.১ প্রমিত উচ্চারণে ও স্বাভাবিক গতিতে বলা ছড়া, কবিতা, রূপকথা ও গল্প শুনে মূলভাব বুঝতে পারা এবং আনন্দ লাভ করা।
- ৭.১ বাংলা ভাষায় রচিত বর্ণনামূলক, তথ্যমূলক ও প্রতিবেদনমূলক রচনার বিষয়বস্তু বলতে পারা।
- ৮.১ চিত্র ও ছবি সংবলিত বা বিহীন ছড়া, কবিতা, রূপকথা, গল্প সাবলীলভাবে বলতে পারা এবং বিষয়বস্তু বলতে পারা।
- ৯.২ বিভিন্ন ধরনের বাক্য (বিরামচিহ্ন— দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক, বিশ্বয়সূচক অনুসারে) প্রমিত উচ্চারণে ও সাবলীলভাবে পড়ে বুঝতে পারা।
- ১৩.১ পাঠে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলা, ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ এবং বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) সহযোগে বিভিন্ন ধরনের বাক্য এবং শুভলিপি স্পষ্ট ও সঠিক বানানে লিখতে পারা।
- ১৫.২ পাঠ্যপুস্তকের অন্তর্ভুক্ত বর্ণনামূলক, তথ্যমূলক রচনা পড়ে/শুনে শব্দ, বাক্য, অনুচ্ছেদ লিখতে পারা।
- ১৬.১ পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা, রূপকথা, গল্প ও কবিতার অংশ দেখে বা না দেখে লিখতে পারা।
- ১৬.২ পাঠের অন্তর্ভুক্ত রূপকথা, গল্প ও কবিতার মূলভাব এবং নিজ অভিজ্ঞতা/ মতামত লিখে প্রকাশ করতে পারা।



পিরিয়ড সংখ্যা : ৪ পিরিয়ড বিভাজন :

পিরিয়ড-১৩৩	পড়ি (ছড়া)
পিরিয়ড-১৩৪	শব্দ বসাই
পিরিয়ড-১৩৫	পড়ি (গল্প)
পিরিয়ড-১৩৬	নিজের মতো শব্দ বসাই, নিজের মতো লিখি।

[সূত্র : শিক্ষক সহায়িকা]



বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

আকাশ	জুড়ে	হাজার	তারা	ঠাঁদ	হাসে	শিশির	কণা	ঘাস	রোদ
মেঘ	দূরে	ছয়া	নাচন	বৃষ্টি	কঁঠাল	ঝঁঝঝামিয়ে			



ধারাবাহিক মূল্যায়ন

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাচিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

শব্দ বসাই।

রোদ উঠেছে, রোদ উঠেছে,
মেঘ গিয়েছে দূরে।
গাছের ছায়ায় পাতার নাচন
গাইছে পাখি —————। (সুরে/ঘুরে)
বৃষ্টি এলো, বৃষ্টি এলো,
কাঁপল পাতা বাঁশের বন।
বায়বমিয়ে বৃষ্টি এলো,
তাই না দেখে নাচছে —————। (ঘন/মন)

উত্তর :

রোদ উঠেছে, রোদ উঠেছে,
মেঘ গিয়েছে দূরে।
গাছের ছায়ায় পাতার নাচন
গাইছে পাখি সুরে।
বৃষ্টি এলো, বৃষ্টি এলো,
কাঁপল পাতা বাঁশের বন।
বায়বমিয়ে বৃষ্টি এলো,
তাই না দেখে নাচছে মন।

নিজের মতো শব্দ বসিয়ে লিখি।

বোর বেলা। পাখি ডাকছে। ভাবছি, পাখিটা —————।
আমি —————? পাখি বলল, কুড় কুড়! বললাম, তোমার

পাঠ্যবই, পৃষ্ঠা ৮৩

চলো, পারি কি না দেখি

— কী? পাখি বলল, —————। আমি বললাম, এই
নাও বিস্কুট। পাখিটা কুটকুট করে বিস্কুট —————।
তারপর —————।

উত্তর : ভোর বেলা। পাখি ডাকছে। ভাবছি, পাখিটা
কুধার্ত। আমি জিঞ্জেস করলাম, কী চাই? পাখি বলল,
কুড় কুড়! বললাম, তোমার কুধা লেগেছে, খাবে কী?
পাখি বলল, কুড় কুড়। আমি বললাম, এই নাও বিস্কুট।
পাখিটা কুটকুট করে বিস্কুট খেল। তারপর পাখিটা উড়ে
গেল।

নিজের মতো লিখি।

পাঠ্যবই, পৃষ্ঠা ৮৪

উত্তর : মানুষ প্রকৃতিকে ভালোবাসে। প্রকৃতির সঙ্গে
এক নিবিড় টান রয়েছে মানবমনের। চাঁদ, সূর্য, নদী,
বৃষ্টি, পাখি, জ্যোৎস্না রাত— সবই প্রকৃতির অনন্য
উদাহরণ। জ্যোৎস্নাশোভিত রাতকে মানুষ উপভোগ
করে। পাখির কিচিরমিচির শব্দে ঘুম ভাঙে এবং হঠাৎ
বৃষ্টিতে মানবমন প্রফুল্ল হয়ে ওঠে। প্রকৃতির সঙ্গে
মানবমনের রয়েছে অবিচ্ছেদ্য আত্মিক টান।

শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিভিক অনুশীলন



শিখে নিই

পিরিয়ড ১৩৩ | পড়ি (ছড়া)

প্রশ্ন ১. কবিতার চরণগুলো সাজিয়ে লেখ।

চাঁদের আলো হাসে।
আকাশ জুড়ে হাজার তারা,
গড়িয়ে পড়ে ঘাসে।
রাতের বেলার শিশির কণা

উত্তর : আকাশ জুড়ে হাজার তারা,
চাঁদের আলো হাসে।

রাতের বেলার শিশির কণা
গড়িয়ে পড়ে ঘাসে।

প্রশ্ন ২. কীসের আলো হাসে?

উত্তর : চাঁদের আলো হাসে।

প্রশ্ন ৩. নিচের শেষ শব্দ দিয়ে ছড়া তৈরি করে অন্ত্যমিল লেখ।

► সূত্র : শিক্ষক সহায়িকা

আঁধার রাতে হাজার তারা,

হাসে।

কণা

ঘাসে।

উত্তর : আঁধার রাতে হাজার তারা

মিট মিটিয়ে হাসে।

ফোটায় ফোটায় শিশির কণা

গড়িয়ে পড়ে ঘাসে।

